

**বাগেরহাট ইনস্টিটিউট অব  
মেরিন টেকনোলজি বন্ধ**

■ নিজস্ব প্রতিবেদক, বাগেরহাট  
আধিপত্য বিস্তার নিয়ে প্রথম বর্ষের শিক্ষার্থীদের সঙ্গে দ্বিতীয় বর্ষের শিক্ষার্থীদের মধ্যে উত্তেজনার পরিষ্কার সৃষ্টি হওয়ায় অনির্দিষ্টকালের জন্য বাগেরহাটের ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি বন্ধ ঘোষণা করা হয়েছে। শনিবার রাতে প্রথম বর্ষ শিক্ষার্থীদের হোস্টেলে তালা ও তাদের মালপত্রের ক্ষতিসাধন করে আবাসিক হোস্টেলে তালা দেওয়ায় কেন্দ্র করে দুই বর্ষের শিক্ষার্থীদের মধ্যে উত্তেজনার পরিষ্কার সৃষ্টি হয়। এ ঘটনার জের ধরে বহিরাগত লোকজন ক্যাম্পাসে ঢুকে দ্বিতীয় বর্ষের শিক্ষার্থীদের ভয়ভীতি দেখালে পরিষ্কার আরও উত্তপ্ত হয়ে ওঠে। ক্যাম্পাসের শিক্ষার পরিবেশ ঠিক রাখতে রাতেই ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি কর্তৃপক্ষ রোববার দুপুরের মধ্যে সব শিক্ষার্থীকে ক্যাম্পাস ত্যাগের নির্দেশ দেয়। ঘটনার জের ধরে রোববার দুপুরে পুলিশের সহযোগিতায় কর্তৃপক্ষ শিক্ষার্থীদের হস্ত থেকে তেলের বোতল সরিয়ে দেয়।

■ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজির ভারপ্রাপ্ত অধ্যক্ষ মো. রফিকুল ইসলাম জানান, দ্বিতীয় বর্ষের শিক্ষার্থীরা প্রথম বর্ষের শিক্ষার্থীদের ওপর অসৌজন্যমূলক আচরণ করে তাদের আবাসিক রুমে তালা লাগিয়ে দেয়। এ সময় দু'পক্ষকে শান্ত থেকে হল ত্যাগের নির্দেশ দেওয়া হয় এবং হোস্টেল সুপারিষা, শাহারিয়ার হোসেনকে মালপত্রের ক্ষতি ধরনের ক্ষতি হয়েছে, তা নির্ণয়ের নির্দেশ দেওয়া হয়েছে।